

সিশেলস-এ জনশক্তি প্রেরণে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত

ঢাকা- ০৩ ফেব্রুয়ারি

আজ সকাল ১০.০০ ঘটিকায় ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহানের সভাপতিত্বে পূর্ব আফ্রিকার দেশ সিশেলস এবং বাংলাদেশের মধ্যে জনশক্তি প্রেরণের বিষয়ে (Agreement on Labour Cooperation (ALC) খসড়া চূড়ান্ত করণের লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও কর্মপন্থা নির্ধারিত হয়।

উক্ত সভায় ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, বর্তমান সরকারের দক্ষ ও সফল কূটনৈতিক প্রচেষ্টায় বাংলাদেশের জন্য নতুন নতুন শ্রমবাজার উন্মুক্ত হচ্ছে। সিশেলস সরকারের চাহিদার ভিত্তিতে বাংলাদেশ সরকার দক্ষ জনশক্তি প্রেরণের পরিকল্পনা করেছে। এতে বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স বৃদ্ধির সমূহ সম্ভাবনা রয়েছে।

সভায় উপস্থিত ছিলেন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল-এর নির্বাহী পরিচালক ড. ইয়ামীন আকবরী, এনডিসি, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ ফজলুল করীম, মোঃ জাহাঙ্গীর আলম, নাসরীন জাহান, মন্ত্রণালয়ের উপসচিব মনির হোসেন চৌধুরী, ড.মাসুমা পারভীন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উপসচিব সাগরিকা নাসরিন, বিএমইটি'র পরিচালক (কর্মসংস্থান) ডিএম আতিকুর রহমান, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের পরিচালক মোঃ জহিরুল ইসলাম প্রমুখ।